

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০৪১.১৮.৫৭.১৬-১২০৬

তারিখঃ ০৫ ডিসেম্বর ২০১৬


বিষয়ঃ একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত দেশের উদ্ভাবনী আইডিয়াসমূহের প্লাটফর্মের জন্য নাম প্রস্তাব সংক্রান্ত।

সূত্র : এটুআই-এর পত্র নং ০৩.৮০১.০০৮.০০.০০.০০৮.২০১৬-৫০৭৬, তারিখ : ২০ নভেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দেশের উদ্ভাবনী আইডিয়াসমূহ সংরক্ষণ করে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত প্লাটফর্ম-এর জন্য গ্রহণযোগ্য নাম প্রস্তাবের আহ্বান করা হয়েছে। আইডিয়াসমূহের সমন্বয়ে নির্মাণাধীন কেন্দ্রীয় প্লাটফর্মটি বর্তমানে 'আইডিয়া ব্যাংক' (<http://ideabank.eservice.gov.bd/>) নামে পরিচালিত হচ্ছে। মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের চিফ ইনোভেশন কর্মকর্তা, ইনোভেশন কর্মকর্তা এবং ইনোভেশন টিমের সদস্যগণ এ প্লাটফর্ম-এর জন্য নাম প্রস্তাব করতে পারেন। সে লক্ষ্যে তাঁদের মধ্যে নাম প্রস্তাবের একটি প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নাম প্রস্তাবের লিংকটিতে বিস্তারিত দেখা যেতে পারে (<http://ideabank.eservice.gov.bd/propose-a-name>) | এছাড়া পত্রের সাথে প্রাপ্ত কনসেপ্ট নোটসহ সূত্রস্থ স্বব্যাপ্যায়িত পত্রটি এসাথে প্রেরণ করা হলো।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, সংযুক্ত পত্র ও কনসেপ্ট নোটের আলোকে আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে নাম সাবমিটের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুসারে ২ (দুই) পৃষ্ঠা।



(মোহাম্মদ শাহীন)

উপসচিব (মিশন-২)

ফোনঃ ৯৩৫৭১০৮

ইমেইল: shaheen.moni@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০২. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ও ভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫. যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৬. উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭. উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮. উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯. উপপ্রধান (পেরিকল্পনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০. সিনিয়র সহকারী প্রধান (পেরিকল্পনা-১), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৪. অফিস কপি।

DSE (Mission-2)

সচিব মহোদয়ের দপ্তর	
প্রবাসী কল্যাণ ও বিদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	
ডায়েরী নং..... ৩২১০	তারিখ..... ০২/১২/১৩
<input type="checkbox"/> অতি/যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ)	<input type="checkbox"/> উপস্থাপন কর্মকর্তা
<input type="checkbox"/> অতি/যুগ্ম সচিব (কর্মসংস্থান)	<input type="checkbox"/> নির্দেশন
<input type="checkbox"/> অতি/যুগ্ম সচিব (কল্যাণ ও যিশন)	
<input type="checkbox"/> অতি/যুগ্ম সচিব (উন্নয়ন ও প্রশিক্ষণ)	
<input type="checkbox"/> একান্ত সচিব/ ব্যক্তিগত কর্মকর্তা	
<input type="checkbox"/> জরুরী ক্ষতিতে ব্যবস্থা দিন	
<input type="checkbox"/> আয়োজনা করুন	

স্মারক নং-০৩.৮.০১.০০৮.০০.০০.০০৮.২০১৬-০০৭৫

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৩
২০ নভেম্বর ২০১৬


বিষয়: একসেস টু ইনফরমেশন (এটআই) প্রোগ্রাম কর্তৃক তৈরিকৃত দেশের উদ্ভাবনী আইডিয়াসমূহের প্লাটফর্মের জন্য নাম প্রস্তাব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটআই) প্রোগ্রাম সেবামূলক সমস্যা সমাধান, সেবা সহজীকরণ এবং হাতের নাগালে সেবা পৌঁছে দিতে দেশের সকল পর্যায়ের উদ্ভাবনী আইডিয়াসমূহ সংগ্রহ করে পরবর্তিতে আইডিয়া বাস্তবায়নের জন্য প্রকল্প আকারে রূপদান করে। আইডিয়া সংরক্ষণ করে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্য একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম একটি কেন্দ্রীয় প্লাটফর্ম তৈরি করেছে, যা বর্তমানে “আইডিয়া ব্যাংক” (<http://ideabank.eservice.gov.bd/>) নামে পরিচালিত হচ্ছে। উক্ত প্লাটফর্ম সম্পর্কিত একটি কনসেপ্ট নোট এসাথে সংযুক্ত করা হল (কপি সংযুক্ত)।

২। বর্ণিত প্লাটফর্মটি সকল পর্যায়ে কার্যকর করার জন্য একটি গ্রহণযোগ্য নাম প্রয়োজন। যেহেতু বর্তমানে মন্ত্রণালয়/দপ্তরের ইনোভেশন টিম দেশের উদ্ভাবনী আইডিয়াগুলোকে নিয়ে কাজ করে থাকেন, সেহেতু ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার ও টিমের সদস্যগণ এই প্লাটফর্মের জন্য নাম প্রস্তাব করতে পারেন। সেলক্ষ্যে তাঁদের মধ্যে নাম প্রস্তাবের একটি প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। নাম প্রস্তাবের জন্য নিম্নবর্ণিত লিংক-এ গিয়ে ফরমপূরণপূর্বক প্রস্তাবিত নামের ঘরে নাম লিখে ফরম সংরক্ষণ করতে হবে। এছাড়াও প্রতিযোগিতা ও নাম প্রস্তাবের পদ্ধতি সম্পর্কিত একটি ভিডিও বর্ণিত লিংকে সংযুক্ত করা হল। নাম প্রস্তাবের লিংক: <http://ideabank.eservice.gov.bd/propose-a-name>

৩। এ ব্যাপারে তাঁর দপ্তরের ইনোভেশন টিমের সদস্যগণকে বর্ণিত প্রতিযোগিতা সম্পর্কে অবহিতকরণ ও আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ইং তারিখের মধ্যে নাম সাবমিট করার জন্য অনুরোধ জানানো হল।

সংযুক্তি: বর্ণনামতে।



(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটআই প্রোগ্রাম
ইমেইল: kabirbinanwar@pmo.gov.bd

বিতরণ:

- ১। সিনিয়র সচিব/সচিব, স্ব.ক. ও.ক.ক. মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্ব.ক. ও.ক.ক., ঢাকা।

অনুলিপি:
সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ।

M. Shofiq Co/Innovative

*Pl. discuss, put up and circulate immediately
Urgent.*



কনসেপ্ট নোট

সমাজে একদিকে নাগরিক চাহিদা যেমন বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে নাগরিক সমস্যার বৈচিত্র্যও বাড়ছে। নাগরিক সেবা সহজীকরণ এবং সমস্যার সমাধানকল্পে মাঠ পর্যায় থেকে শুরু করে সরকারি-বেসরকারিসহ সকল পেশাজীবির চিন্তায় বিভিন্ন ধরনের আইডিয়ার উদ্ভব ঘটে। এই আইডিয়ারগুলোকে সংগ্রহ করে সংরক্ষণ, বাস্তবায়নসহ প্রয়োজনীয় সহায়তা ও অভিভাবকত্ব দেয়া প্রয়োজন। অনেক ক্ষেত্রে যথাযথ পৃষ্ঠপোষকতার অভাবে আইডিয়ারগুলোকে বাস্তবায়ন করা সম্ভব হয়ে উঠেনা। প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এই আইডিয়ারগুলোকে সংগ্রহ করে প্রকল্প আকারে রূপদান করে বাস্তবায়ন করার জন্য কোন ক্ষেত্রে আর্থিক, কোন ক্ষেত্রে কারিগরি সহায়তাসহ সার্বিক পৃষ্ঠপোষিতা প্রদান করে থাকে।

এক্ষনে আইডিয়ারগুলোকে প্রকল্প আকারে রূপদানসহ কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ, পর্যবেক্ষণ ও সফল বাস্তবায়নের জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম একটি কেন্দ্রীয় প্ল্যাটফরম তৈরি করেছে। এই প্ল্যাটফরমে সকল পর্যায় থেকে গৃহীত আইডিয়ারগুলোকে সংরক্ষণ করা হবে। উক্ত প্ল্যাটফরম প্রকল্প মনিটরিং টুল হিসেবে কাজ করবে, যদ্বারা প্রকল্পের প্রারম্ভিক পর্যায় থেকে শুরু করে সম্পন্ন হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট সকলে প্রকল্পের মনিটরিং, সমন্বয়সহ তাত্ক্ষণিক যোগাযোগ এই প্ল্যাটফরমের মাধ্যমেই করতে পারবে। উল্লেখ্য, এটুআই কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ইনোভেশন টিম নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে থাকে; এক্ষেত্রে, প্রকল্পের অগ্রগতি যেকোন সময় যাচাইকরণসহ প্রয়োজনীয় মতামত/পরামর্শ এই প্ল্যাটফরমের দ্বারা প্রদান করতে পারবে। এছাড়া, প্রকল্পের কাজ শেষ হওয়ার পর প্রকল্পের কার্যকম সর্বত্র ছড়িয়ে দেয়াসহ জনসম্মুখে তুলে ধরার জন্যও প্রচার-প্রসারে এই প্ল্যাটফরম কাজ করবে।

সেহেতু এই প্ল্যাটফরমটিকে জাতীয় পর্যায় থেকে আন্তর্জাতিক পর্যায়ে ছড়িয়ে দেয়ার একটি পরিকল্পনা রয়েছে, সেহেতু উক্ত প্ল্যাটফরমের জন্য একটি গ্রহনযোগ্য ও কার্যকরী নাম প্রয়োজন। বর্তমানে প্রতিটি মন্ত্রণালয় ও অধিদপ্তরে একটি করে ইনোভেশন টিম আছে, যারা দেশের উদ্ভাবনী আইডিয়ারগুলোকে নিয়ে কাজ করে থাকেন, সেহেতু ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার ও টিমের সদস্যগণ এই প্ল্যাটফরমের জন্য নাম প্রস্তাব করতে পারেন। এলক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসারগণের মধ্যে উক্ত প্ল্যাটফরমের নাম প্রস্তাবকরণের একটি প্রতিযোগিতার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে, নামটি ইউনিক, উদ্ভাবনী ও বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। প্রস্তাবিত নামসমূহের মধ্যে যাঁর নামটি সবচেয়ে গ্রহনযোগ্য হবে তাঁর নামটিই বাছাই করা হবে বর্ণিত প্ল্যাটফরমের জন্য এবং তাঁকে পুরস্কার হিসেবে দেয়া হবে ৫০ হাজার টাকা।